মে/২০২৩ মাসে অনুষ্ঠিত দৌলতপুর উপজেলার ৫ম উপজেলা পরিষদের ৪৯তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব এজাজ আহমেদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দৌলতপুর, কুষ্টিয়া।
স্থান ঃ উপজেলা পরিষদ কনফারেন্স রুম, দৌলতপুর, কুষ্টিয়া ।
তারিখ ঃ ১৮/০৫/২০২৩ খ্রিস্টাব্দ।
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা
উপস্থিতি ঃ সভার উপস্থিতি পরিশিষ্ঠ 'ক' -তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আসন গ্রহণ করেন। অতঃপর পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করার জন্য উপজেলা নির্বাহী অফিসার দৌলতপুর, কুষ্টিয়া-কে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকল সদস্যদেরকে শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ

গত ২৭/০৪/২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা অনুমোদন ও দৃঢ়করণ করা হয়।

ক্রঃ	আলোচনাসমূহ	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়ন
০১	**উপজেলা কৃষি বিভাগ** ঃ ক) সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, নতুন বিনা ২৫ উপসী জাতের ধান চাষ করার জন্য আলোচনা করেন। তিনি জানান যে, চলতি ২০২২-২৩ অর্থ বছরে সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় সরকারি উন্নয়ন সহায়তায় (ভর্তুকী মূল্যে) কম্বাইন হারভেস্টার, রাইস ট্রান্সপ্লান্টার, রিপার ও রিপার বাইন্ডার, পাওয়ার থ্রেসার, মেইজ শেলার, পাওয়ার স্প্রেয়ার, পাওয়ার উইডার, ড্রায়ার, পটেটো ডিগার এবং ক্যারোট ওয়াশার যন্ত্র বিতরণের জন্য প্রকৃত কৃষকের নিকট হতে আবেদন আহ্বান করা হয়েছে। নির্ধারিত আবেদন ফরম উপজেলা কৃষি অফিসারের দপ্তর হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	উপজেলা কৃষি কর্মকর্ত সরকারি প্রনোদনায় কৃষি যন্ত্রপাতি, বীজ ও অন্যান্য উপকরণ বিতরণের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন। সার ডিলার ও সাব ডিলাররা সার মজুদ করে যেন কৃষক হয়রানি না করে সে বিষয়ে উপজেলা কৃষি কর্মকর্তা যথাযথ মনিটরিং করবেন।	উপজেলা কৃষি কর্মকর্তা
০২	উপজেলা প্রকৌশলীঃ ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি প্রকল্পের কাজ চলমান আছে, কাজের অগ্রগতি ভাল দ্রুত কাজ শেষ হবে বলে সভায় আলোচনা করেন।	এডিপি প্রকল্পের কাজ সঠিকভাবে তদারকি করার জন্য সভায় সিদ্ধান্ত হয়।	উপজেলা প্রকৌশলী
০৩	**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ** ঃ ক) সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, এপ্রিল/২৩ খ্রিঃ মাসে ইপিআই সংক্রান্ত ঃ টিটি(টিকা গর্ভবতী মায়ের জন্য) ৪৬৪, টিটি (টিকা সাধারণ মহিলা ১৯৫১, ভিটামিন এ (প্রসব পরবর্তী মায়ের জন্য) ১৬১, বিসিজি-(টিকা) ৭৯২, পেন্টা-১ = ৭৮৭, পেন্টা-২= ৭৮৩, পেন্টা-৩= ৭৬৮, এম আর টিকা ৭০৯, এমএসডি/এমআর-২(টিকা) ৬৮১, মাতৃ স্বাস্থ্য ভাউচার স্কীম (ডিএসএফ) সংক্রান্ত ঃ কার্ড বিতরণ ১২, প্রসব পূর্ব সেবা-১ - ৫৭৭, প্রসব পূর্ব সেবা-২- ১৪৩, প্রসব পূর্ব সেবা-৩- ৬২, নরমাল ডেলিভারি ২৮,সিজারিয়াল অপারেশন ০,	দাপ্তরিক কাজ ও বিভিন্ন কর্মসূচী সঠিকভাবে পালনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার

	প্রসবোত্তোর সেবা ৩৩, চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। চিকিৎসা সেবা প্রদান জরুরী বিভাগ ২৫২৯, বহিঃ বিভাগ ১০১৬৯, অন্তঃবিভাগ ২১৩৮, কোভিড-১৯ নমুনা পরীক্ষা ০ ,কোভিড-১৯ পজিটিভ ০, মৃত্যু নাই।		
০৪	**উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** ক) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, এপ্রিল/২৩ খ্রিঃ মাসের কার্যক্রম নিম্নরুপ ঃ মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ১,১০,৭৯৪, খাবার বড়ি গ্রহণ কারীর সংখ্যা ৩৩,৬১২,কনডম গ্রহণ করার সংখ্যা ১৩,৭৩০ ইনজেকশন গ্রহণ কারীর সংখ্যা ২০,৩৪৯, আই,ইউ,ডি গ্রহণ কারীর সংখ্যা ৩৭৭, ইমপ্ল্যান্ট গ্রহণ কারীর সংখ্যা ১০১৭, স্থায়ী পদ্ধতির (পুরুষ) সংখ্যা ২০৬ স্থায়ী পদ্ধতির (মহিলা) সংখ্যা ১৮,৭৯৩ মোট গ্রহণ কারীর সংখ্যা ৮৮,০৮৪ গ্রহণ কারীর হার ৭৯.৫০ %। এপ্রিল/২৩ খ্রিঃ মাসে ১২ জনকে স্থায়ী পদ্ধতির সেবা প্রদান করা হয়েছে।	ক) সেবার মান আরো উন্নত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার
০৫	**উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ** ক) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, এপ্রিল/২৩ মাসের গবাদি প্রাণির টিকা দান ১। রোগ প্রতিরোধ ও চিকিৎসা কার্যাক্রমঃ ক) গবাদি প্রাণির টিকাদান ঃ ১৭৯৮৮ মাত্রা, খ) হাঁসমুরগীর টিকাদান ঃ ৫০৫০০ মাত্রা, গ) গবাদি পশুর চিকিৎসা ঃ ২৪৪৩, টি ঘ) হাস মুরগির ১৬৩৬৮ টি। ২) গবাদি পশুর কৃত্রিম প্রজননের সংখ্যা ১৮০০+০৫ টি। ৩। রাজস্ব আদয় ঃ ক) খামার রেজিঃ ০/- টাকা, খ) টিকিট বিক্রয় বাবদ ঃ ২০২৬০/- টাকা, কৃত্রম প্রজনন ফি বাবদ ৫৪১৫০ টাকা। মোট ৭৪৪১০ টি ৪) তড়কারোগ প্রতিরোধের বিষয়ে তিনি বিস্তারিত আলোচনা করেন এবং ইহা প্রতিরোধে সকলের সহযোগিতা কামনা করেন। ৫) প্রশিক্ষন প্রাপ্ত সেচ্ছাসেবীগন কত্রকঃ ক) গবাদিপশুর টিকাদান কাজ চলছে। খ) হাঁস-মুরগীর টিকাদান কাজ চলছে। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।	অত্র উপজেলায় ব্লাক বেঙ্গল ছাগলের মাংসের সম্ভাবনা ও রপ্তানির বিষয়ে করনীয় নির্ধারনের জন্য পালনকারী খামারীদের সার্বিক সহযোগিতা করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার
০৬	**উপজেলা সমাজসেবা অফিসঃ** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে,এপ্রিল/২০২৩ খ্রিঃ ১)সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় সকল প্রকার ভাতাভোগীর নগদ একাউন্ট নম্বর যাচাই-বাচাই চলছে। ২) প্রতিব্ধীতা জমিপ ও ডাক্তার শনাক্তকরণ কার্যক্রম নিয়মিত ভাবে চলছে। ৩) ক্যান্সার, কিডনি সহ ৬টি রোগে আক্রান্ত রোগীদের অনুকুলে চেক প্রদান করা হয়েছে। ৪) ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত বেসরকারী এতিমখানা অনুকুলে চেক প্রদান করা হয়েছে। ৫) ঋন কর্যক্রমের আওতায় নিয়মিত ভাবে আদায় করা হচ্ছে। এ ছাড়া অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।	দাপ্তরিক কাজ গতিশীল, বিদ্যমান কোন সমস্যা থাকলে তা নিরসনে কর্মপন্থা প্রনয়ণ ও তার সঠিক বাস্তবায়নের মাধ্যমে জনগনের ভোগান্তি দূর করার জন্য বলা হয়। প্রয়োজনে ভাতা সংক্রান্ত বিষয়ে প্রতিটি ইউনিয়নের চেয়ারম্যানদের সাথে মিটিং জন সাধারনকে উপস্থিত রেখে জরুরী ভিত্তিতে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করা হয়। কোন নিরীহ মানুষ যেন হয়রানির শিকার না হয় তা দেখভাল করার জন্য সকলে জোরালো মত ব্যক্ত করেন।	উপজেলা সমাজসেবা
০৭	**উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ** ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের গ্রামীন অবকাঠামো সংস্কার ও গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষন কাজের গড় অগ্রগতি ৯০% নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ শেষ করার জন্য আহবান জানানো হয়।	২০২২-২৩ অর্থ বছর গ্রামীন অবকাঠামো সংস্কার(কাবিটা)/(কাবিখা) সাঠিকভাবে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা

০৮	**উপজেলা মাধ্যমিক শিক্ষা ঃ** ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ১) এস,এস,সি পরীক্ষা ২০২৩ যথাযথভাবে চলছে। ২) নতুন কারীকুলাম অনুযায়ী ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীর শিক্ষাকার্যক্রম পরিচালিত হচ্ছে। তবে মাধ্যমিক শিক্ষা অফিসে বহু বছর যাবৎ সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার পদটি শুন্য রয়েছে। একা একা এত বড় উপজেলা সমন্বয় করা জটিল মর্মে সভায় আলোচনা করেন।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নিয়মিত স্কুলগুলো পরিদর্শন করে বিদ্যামান সমস্যা উল্লেখ করে তা সমাধানের রুপরেখা জানিয়ে প্রতিবেদন দেওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
০৯	**উপজেলা শিক্ষা অফিস ঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, দৌলতপুর উপজেলার ২১৭টি সরকারী প্রাথমিক বিদ্যালয় গত ১৭/০৫/২০২৩ তারিখ থেকে প্রান্তিক মূল্যায়ন ২য় শ্রেণী থেকে ৫ম শ্রেণী পর্যন্ত শুরু হয়েছে। শিক্ষার্থীগন যথাযথ রুটিন মাফিক মূলায়নে অংশ গ্রহণ করছে। উল্লেখ্য ১ম শ্রেনীর প্রান্তিক মূল্যায়নের পরিবর্তে ধারা বাহিক মূল্যায়নের মাধ্যমে পারগজ/শিক্ষনফল যাচাই করা হবে। প্রান্তিক মূল্যায়ন পরিচালনায় স্লিপ ফান্ড থেকে অর্থিক সহযোগীতা গ্রহণ করবেন বিদ্যালয়ের শিক্ষকগণ । তাছাড়া উপজেলা শিক্ষা অফিসের অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে।	উপজেলা শিক্ষা অফিসারকে নিয়মিত স্কুলগুলো পরিদর্শন করে প্রতিবেদন দেওয়ার জন্য অনুরোধ করা হয়। পরিদর্শনে যদি কোন ব্যর্তয় ধরা পড়ে তবে নিয়মানুযায়ী ব্যবস্থা নেওয়ার জন্য বলা হয়।	উপজেলা শিক্ষা অফিসার
১০	**উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ** ক) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভি ডব্লিউ ডি ও মাতৃত্ব কালীন ভাতা অনলাইন কার্যক্রম চলমান আছে। ২। কিশোর কিশোরী ক্লাব এর ৪২০ জন সদস্যদের কার্যক্রম ১৪টি ইউনিয়নে চলমান। সপ্তাহে ২দিন সংগীত ও আবৃত্তি ক্লাস চলমান। ক্লাবের সদস্যদের খেলাধুলার ব্যবস্থা আছে। ক্ষুদ্রঋন বিতরন ও আদায় কার্যক্রম চলমান আছে।	প্রশিক্ষণের ক্ষেত্রে প্রার্থী যাচাই-বাছাই,প্রশিক্ষনের ক্ষেত্রে নিয়ম-কানুন যথাযথভাবে প্রতিপালন এবং প্রশিক্ষন তদারকি ও মনিটরিং বাড়ানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	মহিলা বিষয়ক কর্মকর্তা
১১	**উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ১। দৌলতপুর উপজেলায় মোট সমবায় সমিতির সংখ্যা ১২৪ টি, ২) মোট দলের সংখ্যা ৮৪ টি, ৩) মোট সমিতি/ দলের সংখ্যা ৫৫৪৪ জন, ৪) মোট শেয়ার জমা ২২,৫৩,০০০, ৫) মোট সঞ্চয় জমা ৮৩,৬১,০০০/-, ৬) ঋণ বিতরণ ৩৯,৩৫,১১,০০০/-, ৭) ঋণ আদায় ৩৭,৪২,৬৪,৭৮৫/-, ৮) কর্জ আদায় (ক) চলতিঃ ১,৪৪,৮৭,১৪৫ /= (খ) খেলাপী ঃ ৪৭,৫৯,০৭০/= (গ) কর্জ আদায়ের হার (%) ঃ ৯৯ %" অসচ্ছল মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ ও আত্নকর্ম সংস্থান প্রকল্প" গ্রহিতার সংখ্যা ঃ ৬৯ জন ঋণ বিতরণ ঃ ৬২,৯২,০০০/= ঋণ আদায় ঃ ৪৩,৬৮,০০০, ঋণ চলতি ঃ ৭,২৮,০০০/= ঋণ খেলাপী ঃ ১১,৯৬,০০০/= ঋণ আদায়ের হার (%) ঃ ৭৮%।	বিভিন্ন কর্মসূচি/প্রকল্প বাস্তবায়নে সচ্ছতার বিষয়টি গুরুত্ব সহকারে মনিটরিং করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়।যদি কোন ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থার নিকট সরকারী পাওনা/বকেয়া থাকে তবে তা দ্রুত আদায়ের উদ্যোগ গ্রহন করতে হবে। প্রয়োজনে আইনি আশ্রয় নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
১২	**উপজেলা জনস্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে, ১) সমগ্রদেশে নিরাপদ পানি সরবারাহ প্রকল্পের আওতায় বিভিন্ন ধরনের নলকূপ স্থাপন কাজ চলমান । ২) । PEDP-4 প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে WASH BLOOCK নির্মাণ কাজ চলমান। প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে পানির উৎস স্থাপন কাজ চলামান। ৩) ইউনিয়ন পর্যায়ে পানির আর্সেসিক পরীক্ষার কাজ চলমান। ৪) বিশুদ্ধ পানি সরবরাহ ও প্রয়োজনীয়তা সম্পর্কে	নলকূপ স্থাপন ও ওয়াশব্লকের কাজের গুনগতমান ঠিক রেখে যথাযথ মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা দৌলতপুর

	জনগনকে অবহিত করন ও স্বাস্থ্য বিধি সম্পর্কে ধারনা প্রদান করা হচ্ছে। ৫) দাপ্তরিক অন্যান্য সেবা মূলক কার্যক্রম চলমান আছে।		
১৩	**উপজেলা মৎস্য বিভাগ ঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ১) চাষিদের দক্ষতা বৃদ্ধিকল্পে প্রশিক্ষণ ও পরামর্শ চলমান রয়েছে। ২) মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে অভিযান পরিচালনা করা হচ্ছে। ৩) দেশিয় প্রজাতির মাছ চাষে চাষিদের উদ্বুদ্ধ করা হচ্ছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে।	যথাযথ নিয়ম প্রতিপালন করে যেন উপকারভোগী সরকারী বিভিন্ন কর্মসূচীতে প্রকৃত উপকারভোগী যেন নির্বাচন হয় সে বিষয়ে সকলে মত দেন।	উপজেলা মৎস্য কর্মকর্তা
১৪	উপজেলা সমবায় বিভাগ ঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলা নির্বাহী অফিসারদৌলতপুর,কুষ্টিয়া।বিষয়: কার্যপত্র দাখিল প্রসঙ্গে।সুত্র : উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের ১১/০৫/২০২৩ খ্রিঃ তারিখের নোটিশ বিজ্ঞপ্তিমোতাবেক। অত্র দপ্তরের ২০২০-২০২১ সনের অডিটের ভিত্তিতে ধার্যকৃত অডিট ফি ১৩৮৭৩০/-টাকা ও সমবায় উন্নয়ন তহবিলের ৮২৬৯৪/-টাকা আদায় পূর্বক সরকারী কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান ও ডি.ডির মাধ্যমে সমবায় অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখায়প্রেরণ করা হয়েছে। মথুরাপুর ও সোনাইকুন্ডি আশ্রায়ন প্রকল্পের ঋন আদায় কার্যক্রমচলমান আছে। পাকুড়িয়া-০১ ও পাকুড়িয়া-০২ অশ্রোয়ন প্রকল্পের ০২ টি সমবায় সমিতি গঠন করা হয়েছে। মুজিববর্ষ উপলক্ষ্যে ৩য় পর্যায়ে বরাদ্দকৃত গৃহের উপকারভোগীদের ০৫ টিসমবায় সমিতি সমিতির নিবন্ধন করা হয়েছে। অত্র কার্যালয়ে ২০২১-২০২২ খ্রিঃ মোট ৮৫ টি সমিতি অডিট বরাদ্ধ হয়েছে চলতি মাস পর্যন্ড় ৮৫টি সমিতি অডিট কার্যাদি সম্পন্ন করাহয়েছে। এছাড়াও সমবায় বিভাগ পানি ব্যবস্থাপনা, মৎস্যজীবী ও বহুমূখী সমবায় সমিতি সহবিভিন্ন ধরণের পেশাজীবী সমবায় সমিতি গঠন তদারকীর মাধ্যমে উপজেলার দারিদ্রজনগোষ্ঠির আর্থসামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে।	সভায় সকল কার্যক্রমের সমন্বয় যথাযথভাবে করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া,অন্যান্য সকল কর্মসূচী বাস্তবায়নে যথাযথ নিয়ম/নীতিমালা অনুসরন করে আশ্রায়ণ প্রকল্পে ঋণ বিতরণের জন্য সভায় সকলে ঐকমত্য পোষন করেন।	উপজেলা সমবায় কর্মকর্তা
১৫	**উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, এপ্রিল/২০২৩ খ্রিঃ মাসে প্রাধান কার্যালয় থেকে প্রাপ্ত ঋণ তহবিল মোট প্রাপ্তি টাকার পরিমান ঃ ৪৫,৯৩,৮০০/= ২) চলমান ঋণ বিতরণ- ৭৩০০০০/= ৩) এ বছরে মোট ঋণ বিতরণ ৪১,৮০,০০০/= ৪) চলতি মাসে ঋণ আদায় ঃ ৩,১৯,০১৭/= ৫) চলতি মাসে ঋন আদায়ের হার ১০০%। ৬) এ মাস পর্যন্ত মোট খেলাপী ঃ ৩২,৯৭,১৮৬/= ৭) এ মাসে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রাপ্ত ঃ ৬০ জন। ৮) অপ্রাতিষ্ঠানিক ট্রেডে মোট প্রশিক্ষন ঃ ৯২৭৩ জন। এছাড়া তাঁর দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় আলোচনা করেন।	ঋণ বিতরণের ক্ষেত্রে সঠিকভাবে ও প্রকৃত ঋণ প্রাপ্ত ব্যক্তি যেন ভালভাবে ঋণ কাজে লাগাতে পারে সে বিষয়টি দেখার জন্য বলা হয়। যদি কোন ব্যক্তি/প্রতিষ্ঠান/গ্রুপ/দলের নিকট সরকারী পাওনা/বকেয়া থাকে তবে তা আদায়ে দ্রুত উদ্যোগ গ্রহনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
১৬	উপজেলা বন কর্মকর্তা বিভাগ ঃ উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, ১) ১৯৯২-৯৩ সনে সৃজিত নতুন ফেব্রুয়ারি/২৩ বন বিভাগ কর্তৃক সৃজিত কাতলামারি চার রাস্তার মোড় জামতলার মাঠ হতে আমলা সদরপুর ২৫ কিঃ মিঃ পর্যন্ত ৪ কিঃ মিঃ এবং খলিসাকুন্ডি ইউনিয়নের কাতলামারি চার রাস্তার মোড় হতে খলিশাকুন্ডি ব্রীজ পর্যন্ত ৭ কিঃ মিঃ বাগানে গাছ দরপত্র বিজ্ঞপ্তি	অবৈধভাবে গাছ কাটা হলে যথাযথ মনিটরিং ও প্রয়োজনীয় আইনি ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। আশ্রায়ণ প্রকল্পে ফলজ,বনজ ও ঔষধি গাছ রোপনের ব্যবস্থা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা বন কর্মকর্তা

	১৯৯৩-৯৪ সনের বাগান ঝাউদিয়া দিঘলকান্দি হয়ে লালনগর পর্যন্ত ৪.০০ কিঃমিঃ বাগানের গাছ ৫টি লটের মাধ্যমে বিজ্ঞপ্তী নং সাববিকু-১৯ ২০২২-২৩ তাং ২৫/০১/২৩ সনে বিক্রি সম্পর্ন । এবং খলিশাকুন্ডি কাতলামারি বাগানের ২টি ঝড়েপড়া লট বিক্রি হয়েছে। ২) মোবাইল কোর্ট ঃ উপজেলা প্রশাসনের সহযোগীতয় ৪টি অর্ধেক করাত কলে জরিমানা আদায় করা হয় ৪০,০০০/= টাকা ।		
১৭	চেয়ারম্যান দৌলতপুর ইউপিঃ ক) চেয়ারম্যান দৌলতপুর ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের বিভিন্ন রাস্তা ভেঙ্গে গেছে তিনি উপজেলা প্রকৌশলীকে সাথে নিয়ে ভাঙ্গা রাস্তা গুলো পরিদর্শন করার জন্য সভায় আলোচনা করেন।	উপজেলা প্রকৌশলী দৌলতপুর ইউনিয়নের রাস্তাগুলো পরিদর্শন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান দৌলতপুর
১৮	চেয়ারম্যান রামকৃষ্ণপুরঃ চেয়ারম্যান রামকৃষ্ণপুর সভায় জানান যে, তাঁর ইউনিয়নে গড়ের পাড়া ছলিমের চর ৩টা ব্রীজ আছে কিন্তু তার এপ্রোচ রাস্তাটি নষ্ট হয়ে গেছে , উক্ত রাস্তাটি মেরামত করার জন্য সভায় আলোচনা করেন।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়।	চেয়ারম্যান রামকৃষ্ণপুর
১৯	চেয়ারম্যান মরিচা ইউপিঃ চেয়ারম্যান মরিচা ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নে বৈরাগীরচর সামছেরতলা হযরত মাষ্টারের বাড়ির সামনে রাস্তায় পানি জমে থাকে বিধায় ড্রেনেজ ব্যবস্থা করার জন্য সভায় আলোচনা করেন। তিনি আরো জানান যে, তাঁর ইউনিয়নে অনেকে অবৈধভাবে বালি উত্তোলন করে বালির পাহাড় বানিয়ে রেখেছেন বিষয়টি দেখার জন্য সভায় আলোচনা করেন।	উপজেলা প্রকৌশলীকে তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহন করবেন।	
২০	চেয়ারম্যান রিফাইতপুর ইউপিঃ ক) চেয়ারম্যান রিফাইতপুর ইউপি সভায় জানান যে, অত্র উপজেলায় কিছু সাংবাদিক আছে তাদের অত্যাচারে চেয়ারম্যানগন অতিষ্ট অতিদ্রুত তাদের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া দরকার বলে আলোচনা করেন। তিনি আরো জানান যে, গাজিপুর জগন্নাথপুররাস্তা এবং তেলিগাংদিয়া শেখপাড়া রাস্তা ব্যটস্ দ্বারা মেরামত করার জন্য অনুরোধ করেন।	বিস্তারিত আলোচনান্তে মিথ্যা ও ভিত্তিহীন কোন কিছু লিখলে আইনি ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান রিফাইতপুর
২১	চেয়ারম্যান হোগলবাড়িয়া ইউপিঃ চেয়ারম্যান হোগলবাড়িয়া ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নে কল্যানপুর তহহাটের উন্নয়ন করার জন্য আলোচনা করেন এবং বিভিন্ন রাস্তা ভেঙ্গেগেছে মেরামত করার জন্য আলোচনা করেন।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী ব্যবস্থা গ্রহন করবেন।	
২২	চেয়ারম্যান বোয়ালিয়া ইউপিঃ ক) চেয়ারম্যান বোয়ালিয়া সভায় জানান যে, তাঁর ইউনিয়নে বোয়ালিয়া থেকে শেহালা রাস্তা খুবই খারাপ ব্যাটস্ দ্বারা মেরামত করার জন্য আলোচনা করেন। খ) তিনি আরো জানানর যে, মাথাভাঙ্গা নদী থেকে পানি উত্তোলন করে সেচ কাজে ব্যবহার করা হয় কিন্তু নদীর নাব্যতা কমে যাওয়ায় সেচ পরিচালনা করা সমস্য দেখা দিচ্ছে বিধায় মাথাভাঙ্গ নদী খনন করার জন্য সভায় আলোচনা করেন।	ক) বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহন করবেন। খ) দৌলতপুর উপজেলার মাথাভাঙ্গা নদী খননের জন্য পানি উন্নয়ন বোর্ডের বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে।	
২৩	চেয়ারম্যান পিয়ারপুরঃ চেয়ারম্যান পিয়ারপুর ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নে বিভিন্ন রাস্তাঘাট ভেঙ্গে গেছে ভাঙ্গা রাস্তাগুলো ব্যাটস্ দ্বারা মেরামতের জন্য সভায় আলোচনা করেন।	উপজেলা প্রকৌশলী ব্যবস্থা গ্রহন করবেন।	চেয়ারম্যান পিয়ারপুর
	ইউডিএফ দৌলতপুর জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন	আলোচনা শেষে উক্ত প্রকল্পগুলি	চেয়ারম্যান

	প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ের ২০২১-২২ অর্থ বছরে প্রকল্প যাচাই বাছাই কমিটি কর্তৃক ০২টি অবকাঠামো উন্নয়ন উপ প্রকল্প প্রস্তাবনা এসেছে। ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে হেমোটোলজি এনালাইজারসহ কিছু স্বাস্থ্য উপকরণ বিতরণ এবং খ) বিভিন্ন প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে উচু নিচু বেঞ্চ সরবরাহ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	জনগুরুত্বপূর্ন বিবেচনায় প্রাথমিক অনুমোদন দেয়া হয় এবং চূড়ান্ত অনুমোদনের জন্য প্রকল্প কার্যালয়ে প্রেরনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	উপজেলা পরিষদ
২৪	ক) ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান ঃ ক) সভায় তিনি জানান যে, তাঁর এপ্রিল/২০২৩ মাসের দৈনিক ভাতার বিল প্রস্তুত করা হয়েছে এবং জুন/২০২৩ মাসের ভ্রমন সূচি অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।	ক) সভায়, এপ্রিল/২০২৩ মাসের দৈনিক ভাতা চেয়ারম্যান ১০৬২৫/= (দশ হাজার ছয়শত পচিশ) টাকা, ভাইস চেয়ারম্যানদ্বয় ৬৫০০/= টাকা হারে উপজেলা রাজস্ব তহবিল থেকে পরিশোধ করার সিদ্ধান্ত হয় এবং জুন/২০২৩ মাসের ভ্রমন সূচি গ্রহনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার
২৫	চেয়ারম্যান উপজেলা পরিষদ ঃ ক) চেয়ারম্যান উপজেলা পরিষদ সভার শুরুতে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফেরাত কামনা করেন। তিনি জানান যে,অত্র উপজেলায় বিভিন্ন স্থানে অগ্নিকান্ড সংঘটিত হয়েছে। তার বিবরণ নিম্নরুপঃ ১। মোছাঃ বেলুজান নেছা ,জং ছামছের দফাদার, গ্রামঃ দৌলতখালী ২। দুলা খাতুন পিতাঃ জান মোহাম্মদ , গ্রামঃ দৌলতখালী ৩। মোঃ নজরুল ইসলাম, পিতাঃ ছামছের আলী, গ্রামঃ দৌলতখালী ৪। মোছাঃ নাছিমা খাতুন জং রিজু মন্ডল, গ্রামঃ বৈরাগীরচর , মরিচা ইউপি৫। মোছাঃ রুবিনা খাতুন পিতাঃ মোঃ আবু বকর গ্রামঃ মাঝদিয়াড় মরিচা ইউপি ৬। মোছাঃ দোলেচা খাতুন, পিতা- রাহাত আলী, গ্রামঃ নারানপুর রিফাইতপুর ইউপি৭। মোঃ বাদশা আলী ,পিতা-মুনিরুল ইসলাম, গ্রাম ঃ নারানপুর রিফাইতপুর ইউপি ৮। মোছাঃ হাসিনা খাতুন, পিতা- নবীর উদ্দিন,গ্রামঃ শেহালা,বোয়ালিয়া ইউপি,দৌলতপুর, কুষ্টিয়া এদের সকলের অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হওয়ায় আর্থিক সাহায্যে প্রদানের জন্য সভায় আলোচনা করেন।	ক) অগ্নিকান্তে ক্ষতিগ্রগ্রস্থ প্রত্যেক পরিবারকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত থেকে ৫,০০০/=(পাঁচ হাজার) করে টাকা অনুদান হিসেবে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান উপজেলা পরিষদ
২৬	এপ্রিল/২৩ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে নিম্নবর্নিত বিষয়ে অর্থ ব্যয় করা হয়েছে । ক) উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সম্মানী ৪০,০০০/= খ) উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানী (দুইজন) ৫৪,০০০/= গ) উপজেলা চেয়ারম্যান এর ভ্রমন বিল ১০,৬২৫/= ঘ) উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের ভ্রমন বিল ১৩,০০০/= ঙ) উপজেলা পরিষদে কর্মরত মালী ও সুইপার এর দৈনিক মজুরী ০২(দুই) ২৩,১০০/= চ) উপজেলা পরিষদের আনুষঙ্গিক বিল ৫,০০০/= ছ) উপজেলা পরিষদের বিভিন্ন মিটিং এর আপ্যায়ন বিল ৩০,০০০০/= জ) উপজেলা নির্বাহী অফিসারের বাসববনের ইলেক্ট্রিক লাইন মেরামত ১৯,৯৩৮ ঝ) দৌলতপুর, ইউনিয়ন পরিষদের ট্যাক্স ২০,০০০/= ঞ) উপজেলা নির্বাহী অফিসারের বাসববনের গেটের উপর চাউনি নির্মান ২৫,৬৫৮ ট) অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হওয়ায় আর্থিক সাহায্য বাবদ ১,৩৫,০০০/= ঠ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পানির লাইন মেরামত বাবদ বিল	আলোচনান্তে উল্লেখিত ব্যয়োত্তর টাকা অনুমোদনের জন্য সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার

	৩৫০০৮/= ড) রুপালী ভবন রং করণ ২১,৯১০/= ঢ) রুপালী ভবন রঙকরনের মজুরী বাবদ ১৫,০০০/= ণ) সিসি ক্যামেরা মেরামত ৫,৪০০/=		

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

এজাজ আহমেদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দৌলতপুর, কুষ্টিয়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দৌলতপুর, কুষ্টিয়া।

স্মারক নং- উঃচেঃকাঃদৌলতঃকুষ/২০২৩- ২৬(৪০)

তারিখ ঃ ১১ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ / ২৫ মে, ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা ৭৫, কুষ্টিয়া-১।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৪। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কুষ্টিয়া।
৬। উপজেলা-------------------------- অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া।
৭। চেয়ারম্যান -----------------------------ইউপি, দৌলতপুর, কুষ্টিয়া।
৮। অফিস কপি।

২৫/০৫/২৩

(মোঃওবায়দুল্লাহ)
উপজেলা নির্বাহী অফিসার
দৌলতপুর, কুষ্টিয়া।